

উত্তরপত্র / লেকচার -১ (১৬.৯.২০)

ক) এক বাক্যে উত্তর লিখ।

১. কুয়াশার আবরণ ভেদ করে কেবল কী উঁকি দিচ্ছিল আকাশে?

উত্তর: কুয়াশার আবরণ ভেদ করে কেবল সূর্য উঁকি দিচ্ছিল আকাশে।

২. সবাই কোথায় যাচ্ছিল?

উত্তর: সবাই সোনারগাঁও যাচ্ছিল।

৩. কারা সুশৃঙ্খল ভাবে বাসে বসল?

উত্তর: সাবিহা, নমিতা, কবির, সুবীরসহ সবাই সুশৃঙ্খল ভাবে বাসে বসল।

৪. হাসান স্যার ঢাকার ম্যাপ বুলিয়ে কী দেখালেন?

উত্তর: হাসান স্যার ঢাকার ম্যাপ বুলিয়ে সোনারগাঁও দেখালেন।

৫. ঢাকা থেকে সোনারগাঁও এর দূরত্ব কত কি.মি.?

উত্তর: ঢাকা থেকে সোনারগাঁও এর দূরত্ব ২৭ কি.মি.।

৬. ঢাকার কোন দিকে সোনারগাঁও নগরীর অবস্থান?

উত্তর: ঢাকার দক্ষিণ-পূর্ব দিকে সোনারগাঁও নগরীর অবস্থান।

৭. কোন ব্রিজ পার হয়ে একটু এগোলেই সোনারগাঁও?

উত্তর: কাচপুর ব্রিজ পার হয়ে একটু এগোলেই সোনারগাঁও।

৮. সোনারগাঁও এর মাটিতে পা দিয়েই কার মন খুশিতে ভরে উঠল?

উত্তর: সোনারগাঁও এর মাটিতে পা দিয়েই সাবিহার মন খুশিতে ভরে উঠল।

৯. প্রথমেই তাদের কী চোখে পড়ল?

উত্তর: প্রথমেই এক গম্বুজ বিশিষ্ট একটি প্রাচীন মসজিদ তাদের চোখে পড়ল।

১০. গোয়ালদি মসজিদ কিসের জন্য বিখ্যাত?

উত্তর: গোয়ালদি মসজিদ মোঘল স্থাপত্য শৈলির অপূর্ব নিদর্শনের জন্য বিখ্যাত।

১১. গোয়ালদি মসজিদ কখন তৈরি হয়েছিল?

উত্তর: গোয়ালদি মসজিদ তৈরি হয়েছিল মোঘলরা বঙ্গদেশে আসার আগে।

১২. প্রাচীন কালের সমৃদ্ধ নগরীর নাম কী?

উত্তর: প্রাচীন কালের সমৃদ্ধ নগরীর নাম সুবর্ণগ্রাম।

১৩. ঢাকার আগে দক্ষিণ-পূর্ব বাংলার রাজধানীর নাম কী ছিল

উত্তর: ঢাকার আগে দক্ষিণ-পূর্ব বাংলার রাজধানীর নাম ছিল সোনারগাঁও।

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: ঘুরে আসি সোনারগাঁও

১৪. সোনারগাঁও এর শাসক কে ছিলেন?

উত্তর: সোনারগাঁও এর শাসক ছিলেন ঈষা খাঁ।

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
ঐতিহাসিক	ইতিহাস সংক্রান্ত।	নিদর্শন	দৃষ্টান্ত।
গম্বুজ	চূড়া।	শাসনকর্তা	প্রধান শাসক।
বঙ্গদেশ	বাংলাদেশ, বাংলাদেশ স্বাধীন হওয়ার আগের অবিভক্ত অঞ্চল।	অঞ্চল	স্থান।
স্থাপত্য	স্থাপনা কেন্দ্রিক শিল্পকর্ম।		

গ) নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি কর।

ঐতিহাসিক, গম্বুজ, অঞ্চল, নিদর্শন, শাসনকর্তা (শিক্ষার্থীরা নিজে নিজে বাক্য তৈরি করবেন।)

ঘ) নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দুটি শব্দ তৈরি করে প্রতিটি যুক্তবর্ণ দিয়ে একটি বাক্য তৈরি কর।

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
ক্ষ	স+ক	স্কুল, স্কেল	আমার স্কুল বন্ধ আছে।
ল্ল	ল+ল	বল্লম, উল্লাস	নিজে বাক্য তৈরি করবেন।
ক্ষ	ক+ষ	শিক্ষা, শিক্ষক	শিক্ষার্থীরা নিজে বাক্য তৈরি করবেন।)
শ্	শ+ (ঋ-ফলা)	শৃঙ্খল, শঙ্খ	”
ব্র	ব+ (র-ফলা)	ব্রিজ, ব্রত	”
ঞ্চ	ঞ+চ	অঞ্চল, বঞ্চনা	”
ম্ব	ম+ব	গম্বুজ, কম্বল	”
ঞ্জ	ঞ+জ	গঞ্জ, গুঞ্জন	”

C.H.T date: 30.9.20

উত্তরপত্র / লেকচার -২ (২১.৯.২০)

ক) এক বাক্যে উত্তর লিখ।

১৫. সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকার নাম কী?

উত্তর: সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকার নাম পানাম নগর।

১৬. রাস্তার দুই পাশে সারি সারি দালানগুলো কেমন ছিল?

উত্তর: রাস্তার দুই পাশে সারি সারি দালানগুলো বেশ প্রাচীন।

১৭. এখানে আনেক বছর আগে কারা বাস করতেন?

উত্তর: এখানে আনেক বছর আগে ধনী ব্যবসায়ীরা বাস করতেন।

১৮. মসলিন কাপড়ের প্রসিদ্ধ স্থান কোনটি ছিল?

উত্তর: মসলিন কাপড়ের প্রসিদ্ধ স্থান ছিল পানাম নগর।

১৯. সোনারগাঁও এর তৈরি কোন কাপড়ের বিশ্ব জোড়া কদর ছিল?

উত্তর: সোনারগাঁও এর তৈরি মসলিন কাপড়ের বিশ্ব জোড়া কদর ছিল।

২০. ইংরেজরা এদেশে আসার পর কিসের কদর কমে যায়?

উত্তর: ইংরেজরা এদেশে আসার পর দেশি কাপড়ের কদর কমে যায়।

২১. এই শহরের কোথায় বাংলার অভূতপূর্ব স্থাপত্য শৈলী রয়েছে?

উত্তর: এই শহরের পুরনো দালানগুলিতে বাংলার অভূতপূর্ব স্থাপত্য শৈলী রয়েছে।

২২. একটি দেশের কী কী জাদুঘরে সংরক্ষিত থাকে?

উত্তর: একটি দেশের শিল্প, সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্যের যাবতীয় নিদর্শন জাদুঘরে সংরক্ষিত থাকে।

২৩. কোথায় ঢুকতে সবুজের স্পর্শে সাবিহার মনটা ভরে গেল?

উত্তর: সোনারগাঁও এর জাদুঘরে ঢুকতে সবুজের স্পর্শে সাবিহার মনটা ভরে গেল।

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
সমৃদ্ধ	উন্নত	অভূতপূর্ব	পূর্বে যা দেখা যায়নি
প্রসিদ্ধ	বিখ্যাত	অন্তগামী	পশ্চিম দিকে চলে পড়েছে এমন
মসলিন	বিখ্যাত বস্ত্র	স্মৃতি	মনে রাখা
বিলিতি	বিলাত বা ইংল্যান্ডের কোনকিছু		

*C.H.T date: 30.9.20

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: ঘুরে আসি সোনারগাঁও

গ) যুক্তবর্ণ ভেঙ্গে দুটি শব্দ তৈরি করে প্রতিটি যুক্তবর্ণ দিয়ে একটি বাক্য তৈরি কর :

ব্য, দ্ব, দ্র, শ্ব, ঙ্গ ।

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
ব্য	ব+্য (য-ফলা)	কাব্য,ব্যবসা	আমার বাবার ব্যবসা বন্ধ আছে ।
দ্ব	দ+ধ	সমৃদ্ধ, বৃদ্ধ	নিজে বাক্য তৈরি করবেন ।
দ্র	ন+দ+্র(র-ফলা)	কেন্দ্র, বরেন্দ্র	শিক্ষার্থীরা নিজে বাক্য তৈরি করবেন ।
শ্ব	শ+ব	বিশ্ব, আশ্বিন	”
ঙ্গ	গ+ধ	দঙ্গ, মুঙ্গ	”

ঘ) সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. কোন নগরীকে প্রাচীন নগরী বলা হয় এবং কেন?

উত্তরঃ পানাম নগরীকে প্রাচীন নগরী বলা হয় । এই নগরীতে রাস্তার দুই পাশে সারি সারি অনেক প্রাচীন দালান আছে যেগুলো প্রায় একশো বছরেরও আগের তৈরি । পানাম নগরীকে প্রাচীন নগরী বলা হয় ।

ঙ) বর্ণনামূলক প্রশ্নঃ

১. পানাম নগরী কী জন্য প্রসিদ্ধ?

উত্তরঃ এই নগরীতে রাস্তার দুই পাশে সারি সারি অনেক প্রাচীন দালান আছে যেগুলো প্রায় একশো বছরেরও আগের তৈরি । এখানেই ধনী ব্যবসায়ীরা বসবাস করতেন । এই পানাম নগরী অর্থাৎ সোনারগাঁও তখন ছিল মসলিন কাপড় তৈরির জন্য প্রসিদ্ধ স্থান । সোনারগাঁওয়ে তৈরি মসলিনের বিশ্বজোড়া খ্যাতি ও কদর । এছাড়া এখানে রয়েছে মোঘল স্থাপত্য শৈলির নানারকম অপূর্ব নিদর্শন । রয়েছে লোকশিল্প জাদুঘর ।

চ) নিচের বাক্যগুলো সত্য হলে সত্য এবং মিথ্যা হলে মিথ্যা লিখে সঠিক বাক্যটি লিখ :

- ১ । হাসান স্যার সবাইকে বাসে উঠার জন্য তাড়া দিলেন ।-----সত্য
- ২ । ঢাকা থেকে সোনারগাঁও এর দূরত্ব ২৫ কি. মি. ।-----মিথ্যা (২৭ কি.মি.)
- ৩ । সোনারগাঁও নারায়নগঞ্জ জেলায় অবস্থিত ।-----সত্য
- ৪ । প্রথমেই তাদের একগুম্বুজ বিশিষ্ট একটি প্রাচীন মসজিদ চোখে পড়ল ।-----সত্য
- ৫ । মোঘল স্থাপত্য শৈলীর কোন নিদর্শন সোনারগাঁও এ নেই ।-----মিথ্যা (আছে)
- ৬ । সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকা পানাম নগর ।-----সত্য
- ৭ । প্রায় একশো বছরের আগে এখানে ধনী ব্যবসায়ীরা বাস করতেন না ।-----সত্য
- ৮ । একটি দেশের শিল্প সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্যের যাবতীয় নিদর্শন জাদুঘরেই সংরক্ষিত থাকে ।-----সত্য

উত্তরপত্র / লেকচার -৩ (২৩.৯.২০)

ক) এক বাক্যে উত্তর লিখ।

২৪. যে বাড়িতে যাদুঘরটা রয়েছে তার আদি নাম কী?

উত্তরঃ যে বাড়িতে যাদুঘরটা রয়েছে তার আদি নাম রড় সর্দারবাড়ি।

২৫. সোনারগাঁও জাদুঘরে কি কি জিনিস পত্র দেখতে পাওয়া যায়?

উত্তরঃ সোনারগাঁও জাদুঘরে নানারকম প্রাচীন জিনিস পত্র দেখতে পাওয়া যায়। যেমন: কাঠের তৈরি জিনিস, মুখোশ, মৃৎপাত্র, মাটির পুতুল, বাঁশ-লোহা-কাঁসার তৈরি নানা জিনিস, অলংকার ইত্যাদি।

২৬. কোথায় জামদানি শাড়ি আর বাহারি নকশি কাঁথা রয়েছে?

উত্তরঃ সোনারগাঁও জাদুঘরে জামদানি শাড়ি আর বাহারি নকশি কাঁথা রয়েছে।

২৭. সোনারগাঁও জাদুঘর কে প্রতিষ্ঠা করেন?

উত্তরঃ শিল্পাচার্য জয়নুল আবেদিন সোনারগাঁও জাদুঘর প্রতিষ্ঠা করেন।

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
লোকশিল্প	গ্রামের সাধারণ মানুষের তৈরি শিল্প	কদর	খ্যাতির সম্মান
বিস্মিত	অবাক হওয়া	খ্যাত	বিখ্যাত
বাহার	সৌন্দর্য/ শোভা	ম্যাপ	মানচিত্র

গ) যুক্তবর্ণ ভেঙ্গে দুটি শব্দ তৈরি করে প্রতিটি যুক্তবর্ণ দিয়ে একটি বাক্য তৈরি কর :

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
ন্	স+ন	স্নান, স্নেহ	আজ আমার স্নান করা হয়নি।
র্দ	--- (রেফ)+দ	গর্দান, সর্দার	নিজে বাক্য তৈরি করবেন।
ম্	ম+্ (ঋ-ফলা)	মৃত, অমৃত	শিক্ষার্থীরা নিজে বাক্য তৈরি করবেন।
স্ম	স+ম	বিস্মিত, অকস্মাত	”

ঘ) শূণ্যস্থান পূরণ কর:

১. ঢাকার দক্ষিণ-পূর্বে এ নগরী সোনারগাঁওয়ের অবস্থান। (প্রাচীন)
২. মোগল স্থাপত্য শৈলীর নিদর্শন রয়েছে গোয়ালদি মসজিদে। (অপূর্ব)
৩. গোয়ালদি মসজিদ তৈরি হয়েছিল বঙ্গদেশে আসার ও আগে। (মোগলরা)
৪. প্রাচীন কালের সুবর্ণগ্রাম। (সমৃদ্ধ নগর)
৫. ঢাকার আগে সোনারগাঁও ছিল বাংলার রাজধানী। (দক্ষিণ-পূর্ব)
৬. সোনারগাঁও এর সবচেয়ে পানাম নগর। (সমৃদ্ধ এলাকা)
৭. প্রায় বছর আগে এখানে ধনী ব্যবসায়ীরা বাস করতেন। (একশো)

৮. সোনারগাঁও ছিল কাপড় বানানোর প্রসিদ্ধ স্থান । (মসলিন)
৯. সোনারগাঁও এর তৈরি মসলিন কাপড়েরকদর ছিল । (বিশ্বজোড়া)
১০. একটি দেশের শিল্প-সংস্কৃতি , ইতিহাস- ঐতিহ্যের যাবতীয়জাদুঘরেই সংরক্ষিত থাকে ।
(নিদর্শন)
১১. সোনারগাঁও জাদুঘরে চুকতেই সবুজেরস্পর্শে সাবিহার মনটা ভরে গেল । (শিল্প)
১২. সোনারগাঁও লোকশিল্প জাদুঘরেরশিল্পি জয়নুল আবেদিন । (প্রতিষ্ঠাতা)

৬) সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. সোনারগাঁও কোন জেলায় অবস্থিত? সোনারগাঁও এ কি কি বিখ্যাত জিনিস রয়েছে?

উত্তরঃ সোনারগাঁও নারায়নগঞ্জ জেলায় অবস্থিত । সোনারগাঁও এ নানারকম প্রাচীন বিখ্যাত জিনিস রয়েছে । যেমন: অপূর্ব নিদর্শনে সজ্জিত গোয়ালদি মসজিদ, বিশ্বজোড়া খ্যাতি সম্পন্ন মসলিন কাপড়, অভূতপূর্ব স্থাপত্যশৈলী সম্পন্ন দালান, কাঠের তৈরি জিনিস, মুখোশ, মুৎপাত্র, মাটির পুতুল, বাঁশ-লোহা-কাঁসার তৈরি নানা জিনিস, অলংকার সজ্জিত লোকশিল্প জাদুঘর, বিখ্যাত জামদানি শাড়ি, বাহারি নকশি কাঁথা ইত্যাদি ।

২) জাদুঘর বলে কী বোঝ? সোনারগাঁও লোকশিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতা কে?

উত্তরঃ একটি দেশের শিল্প-সংস্কৃতি, ইতিহাস- ঐতিহ্যের যাবতীয় নিদর্শন যেখানে সংরক্ষিত থাকে তাকেই জাদুঘর বলে । যেমন- সোনারগাঁও লোকশিল্প জাদুঘরে বাংলাদেশের ঐতিহাসিক অনেক জিনিসই সংরক্ষিত আছে । সোনারগাঁও লোকশিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতা হলেন- শিল্পাচার্য জয়নুল আবেদিন ।

৬) বর্ণনামূলক প্রশ্নঃ

১) লোকশিল্প কাকে বলে? লোকশিল্প জাদুঘর কেন প্রয়োজন?

উত্তরঃ "লোক" শব্দটির অর্থ হলো সাধারণ মানুষ । সুতরাং গ্রামীন সাধারণ মানুষের তৈরি শিল্পকে লোকশিল্প বলা হয় । অর্থাৎ গ্রামের সাধারণ মানুষ যারা দেশের আচার, ঐতিহ্য বংশ পরম্পরায় ধরে রাখার জন্য কোন কিছু সৃষ্টি করে, সভ্যতার পরিবর্তনের সাথে হারিয়ে যেতে দেয় না তাই লোকশিল্প ।

একটি দেশের শিল্প-সংস্কৃতি, ইতিহাস- ঐতিহ্যের যাবতীয় বিষয় সংক্ষরন করার জন্য লোকশিল্প জাদুঘর যেমন প্রয়োজন তেমনি ঐ সংস্কৃতিগুলো পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দেয়ার জন্যও এর গুরুত্ব অপরিসীম । বর্তমানে আমাদের দেশের ঐতিহ্য সংরক্ষনের জন্য যদি কোন জাদুঘর না থাকে তাহলে সময়ের সাথে সাথে এগুলো হারিয়ে যাবে । আমাদের পরবর্তী প্রজন্মের পক্ষে তার দেশের ঐতিহ্য সম্পর্কে জানা সম্ভব হবে না । এজন্য লোকশিল্প জাদুঘর প্রয়োজন ।

C.H.T date: 30.9.20

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: ঘুরে আসি সোনারগাঁও

উত্তরপত্র / লেকচার -৪ (২৬.৯.২০)

ক) বামদিকের সাথে ডানদিকের বাক্যাংশ মিল করে সঠিক বাক্য তৈরি করে লিখ।

বামদিক	ডানদিক
১. ঢাকা থেকে সোনারগাঁওয়ের	ক) দক্ষিণ পূর্ব বাংলার রাজধানী।
২. প্রথমেই তাদের চোখে পড়ল	খ) প্রতিষ্ঠাতা শিল্পি জয়নুল আবেদীন।
৩. মোগল স্থাপত্য-শৈলীর অপূর্ব নিদর্শন	গ) দূরত্ব ২৭ কি.মি।
৪. ঢাকার আগে সোনারগাঁও ছিল	ঘ) রয়েছে গোয়ালদি মসজিদে।
৫. সোনারগাঁও ছিল মসলিন	ঙ) এক গম্বুজ বিশিষ্ট একটা প্রাচীন মসজিদ।
	চ) কাপড়ের জন্য বিখ্যাত।

উত্তর: (১+গ), (২+ঙ), (৩+ঘ), (৪+ক), (৫+চ)।

খ) এক কথায় প্রকাশ করে লিখঃ

প্রদত্ত বাক্য	এককথায় প্রকাশ
শিক্ষা অর্জনের জন্য যে সফর	ডাক্ষাসফর
ইতিহাস সংক্রান্ত বিষয়	ঐতিহাসিক
যেখানে অনেক কিছু জমা থাকে	সংগ্রহশালা/ জাদুঘর
পূর্বে যা দেখা যায় নি	অভূতপূর্ব

গ) বিপরীত শব্দ লিখ :

মূলশব্দ	বিপরীত শব্দ
সকাল	বিকাল
সুশৃঙ্খল	বিশৃঙ্খল
সূক্ষ্ম	স্থূল
সুন্দর	অসুন্দর
ইচ্ছা	অনিচ্ছা
গ্রামীন	শহুরে
আসল	নকল

সমার্থক শব্দ:

প্রদত্ত শব্দ	সমার্থক শব্দ
সুন্দর	চমৎকার
প্রাচীন	পুরনো

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: ঘুরে আসি সোনারগাঁও

ক) সঠিক উত্তর দাও:

১. সবাই কোথায় যাবে?

ক) শিক্ষা সফরে

খ) মাঠে

গ) স্কুলে

ঘ) কলেজে

২. হাসান স্যার কোন জায়গার ম্যাপ বুলিয়ে দেখালেন?

ক) ঢাকা

খ) রাজশাহী

গ) বরিশাল

ঘ) চট্টগ্রাম

৩. ঢাকার কোন পাশে সোনারগাঁও এর অবস্থান?

ক) পূর্ব-পশ্চিম

খ) উত্তর -দক্ষিণ

গ) দক্ষিণ

ঘ) দক্ষিণ-পূর্ব

৪. ঢাকা থেকে সোনারগাঁও এর দূরত্ব কত কিলোমিটার?

ক) ২৫ কি.মি.

খ) ২৭ কি.মি.

গ) ২৩ কি.মি.

ঘ) ২৯ কি.মি.

৫. ঢাকা -চট্টগ্রাম সড়ক পথে কোন ব্রিজ পার হলেই সোনারগাঁও?

ক) মেঘনা

খ) কাঁচপুর

গ) দাউদকান্দি

ঘ) চাঁদপুর

৬. শীতের সকালের রোদ্দুর কেমন?

ক) কড়া

খ) টক

গ) মিষ্টি

ঘ) কোনটিই না

৭. প্রথমেই তাদের কী চোখে পড়ল?

ক) এক গুম্বুজ বিশিষ্ট মসজিদ

খ) ২গুম্বুজ বিশিষ্ট মসজিদ

গ) ষাট গুম্বুজ বিশিষ্ট মসজিদ

ঘ) ক+খ উভয়

৮. এক গুম্বুজ বিশিষ্ট মসজিদ এর নাম কী?

ক) পানাম মসজিদ

খ) গোয়ালদি মসজিদ

গ) সুবর্ণ মসজিদ

ঘ) কোনটিই নয়

৯. মোঘলরা কবে এই মসজিদ তৈরি করেছিলেন?

ক) বঙ্গ দেশে এসে

খ) দেশে আসার আগে

গ) বঙ্গদেশে আসার পরে

ঘ) কোনটিই নয়

১০. প্রাচীন কালের সমৃদ্ধ নগর এর নাম কী?

ক) পানাম গ্রাম

খ) সুবর্ণগ্রাম

গ) সুবর্ণগ্রাম

ঘ) সবগুলো

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: ঘুরে আসি সোনারগাঁও

১১. ঢাকার আগে দক্ষিণ-পূর্ব বাংলার রাজধানীর নাম কী ছিল?

ক) সোনারগাঁও

খ) আগারগাঁও

গ) গুলিস্তান

ঘ) সবগুলো

১২. সুতি কাপড়ের প্রাণ কেন্দ্র হয়ে ওঠে কোন স্থান?

ক) ঢাকা নগর

খ) সোনারগাঁও

গ) সুবর্ণ গ্রাম

ঘ) সবগুলো

১৩. কারা এদেশে আসার পর দেশি কাপড়ের কদর কমে যায়?

ক) উপজাতি

খ) ইংরেজরা

গ) ফারসী

ঘ) সবাই

১৪. একটি দেশের -শিল্প-সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্যের যাবতীয় নিদর্শন কোথায় সংরক্ষিত থাকে?

ক) জাদুঘর

খ) ঘর

গ) মসজিদ

ঘ) স্কুলে

১৫. সোনারগাঁও লোক শিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতার নাম কী?

ক) মুগাল হক

খ) জয়নুল আবেদিন

গ) আব্দুর রাজ্জাক

ঘ) সৈয়দ আব্দুল খালিদ

